# জাবিতে দুই হলের শিক্ষার্থীদের সংঘর্ষে আহত ৬



ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) একটি দোকানের মালিকানা ও নিয়ন্ত্রণকে কেন্দ্র করে দুই হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হল ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হলের অন্তত ছয় শিক্ষার্থী আহত হয়েছেন।

সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে রবীন্দ্রনাথ ঠাকুর হলসংলগ্ন সড়কে দুই পক্ষের মধ্যে প্রথমে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। পরে তা ধাওয়া-পাল্টাধাওয়া ও মারামারিতে গড়ায়।

প্রত্যক্ষদর্শীরা জানান, কাজী নজরুল ইসলাম হলের সামনে থাকা একটি দোকানের মালিকানা ও নিয়ন্ত্রণ নিয়ে দুই হলের শিক্ষার্থীদের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। এর জেরেই সংঘর্ষের সূত্রপাত হয়।

খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ও প্রক্টরিয়াল বডির সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন এবং শিক্ষার্থীদের নিজ নিজ হলে ফেরত পাঠান।

প্রশাসন জানিয়েছে, বিরোধের স্থায়ী সমাধানে দুই হলের প্রশাসন ও শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করা হচ্ছে। একই সঙ্গে ক্যাম্পাসের শৃঙ্খলা বজায় রাখতে নজরদারি বাড়ানো হয়েছে।

LENS ASIA